

ইবোলার পরাজয়

টেক্সাসের ডালাসে নার্স হিসেবে দায়িত্ব পালন করছিলেন নিনা ফাম। ইবোলা ভাইরাসে আক্রান্ত ডানকান নামের এক ব্যক্তির শুশ্রূষা করতে গিয়ে তিনি ইবোলা ভাইরাসে আক্রান্ত



আবারো আসছে হ্যারি পটার

আমরা জানি ব্রিটিশ রূপকথা লেখিকা জে কে রাউলিং তার বিশ্বখ্যাত হ্যারি পটার উপন্যাস সিরিজের ইতি টেনেছেন। মন খারাপ হলেও সবাই তা মেনেও নিয়েছিলেন। কিন্তু হঠাৎ করেই খবর এলো এবারের হ্যালোইন উৎসব উপলক্ষে রাউলিং হ্যারি পটারকে নিয়ে আবারো লিখতে বসেছেন। না এবার উপন্যাস নয়, এবার পটারকে নিয়ে লেখা হচ্ছে একটি ছোটগল্প। গুঞ্জন নয়, সত্যি। আগামী অক্টোবরের ৩১ তারিখে সেই ১৫শ শতকের গল্প হ্যারি পটারের ওয়েবসাইটে আপলোড করা হবে। গল্পটিতে পটার আর কিশোর থাকছেন না। এই গল্পে পটারকে একজন প্রাপ্তবয়স্ক যুবক হিসেবে পাওয়া যাবে।

ফাইসটোস

চাকতির

অর্থ উদ্ধার!

১৯০৮ সালে খ্রিসের ক্রিট দ্বীপে একটি মাটির চাকতি পাওয়া যায়। চাকতিটি 'ফাইসটোস' চাকতি হিসেবে পরিচিত। তখন থেকেই চাকতিটি নিয়ে রহস্যের শুরু। চাকতির গায়ে খোদাই করে লেখা লিপির অর্থ উদ্ধার করা সম্ভব হচ্ছিল না। ধারণা করা হয় এই চাকতিটি ১ হাজার ৭শ খ্রিস্টপূর্বাব্দের। সম্ভ্রতি ক্রিটের টেকনোলজিক্যাল এডুকেশনাল ইনস্টিটিউটের গবেষক গ্যারেথ ওয়েঙ্গ এই লিপির অর্থ উদ্ধারের দাবি করেছেন। তার দাবি, চাকতিটিতে মাতৃকা মূর্তি পূজার মন্ত্র লেখা রয়েছে। তিনি বলছেন, এর একপাশে গর্ভবতী নারী সম্পর্কে লেখা আছে এবং অন্যপাশে জননীর কথা উল্লেখ করা হয়েছে। ওয়েঙ্গ এবং তার অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের সহকর্মীরা গত ৬ বছর ধরে চাকতিটি নিয়ে কাজ করছেন।



মহাকাশে প্রজনন অসম্ভব!

মহাকাশ মানুষের জন্য বসবাসের উপযুক্ত কিনা তা পরীক্ষা করে দেখা হচ্ছে। এর বিভিন্ন দিক নিয়ে চুলচেরা বিশ্লেষণও হচ্ছে। অভিযানের পর অভিযান চালানো হচ্ছে। কিন্তু আমেরিকান সোসাইটি ফর

রিপ্রোডাক্টিভ মেডিসিনের বার্ষিক সভায় বিজ্ঞানীরা প্রশ্ন তুলেছেন, মহাকাশ শুধু বাসযোগ্য হলেই



চলবে? তারা জানিয়েছেন, মহাকাশে সন্তান উৎপাদন প্রক্রিয়া বাধাগ্রস্ত হবে। তথ্য-উপাত্ত বলছে, শূন্য মাধ্যাকর্ষণের কারণে শুক্রাণু লম্বাকৃতির হবে এবং তা দ্রুতগতিতে চলাচল করবে। শুধু তা-ই নয়, উচ্চমাত্রার বিকিরণের ফলে ডিম্বাশয় ও শুক্রাশয় ক্ষতিগ্রস্ত হতে পারে।

হয়ে পড়েন। কিন্তু ডানকানের মৃত্যু হলেও নিনা বেঁচে গেছেন। লাইবেরিয়ায় ইবোলা আক্রান্ত হওয়া সত্ত্বেও বেঁচে যাওয়া ড. কেন্ট ব্রান্টলি নিনাকে তার প্রাজমা দান করায় নিনা বেঁচে গেছেন। নিনা সম্পূর্ণ সুস্থ হয়ে হাসপাতাল থেকে সোজা চলে যান হোয়াইট হাউসে। সেখানে গিয়ে তিনি শুধু প্রেসিডেন্ট বারাক ওবামার সঙ্গে দেখাই করেননি, তার সঙ্গে আলিঙ্গনও করেছেন।



গুগল নির্বাহীর বিশ্বরেকর্ড

গুগলের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট অ্যালেন ইউস্টাস সম্প্রতি স্কাইডাইভিংয়ে রেকর্ড গড়ে বিশ্বকে তাক লাগিয়ে দিয়েছেন। তিনি ভূপৃষ্ঠ থেকে ১ লাখ ৩৫ হাজার ফুট ওপর থেকে ঝাঁপিয়ে পড়ার বিশ্বরেকর্ড তৈরি করেছেন। বায়ুম-লের কাছাকাছি শূন্যস্থান থেকে ৫৭ বর্ষীয় এই গুগল নির্বাহী ঝাঁপ দেন। এর মাধ্যমে তিনি ২০১২ সালে গড়া ফেলিক্স বামগার্টনারের রেকর্ড ভাঙলেন। বামগার্টনার ১ লাখ ২৮ হাজার ফুট উচ্চতা থেকে ঝাঁপ দিয়েছিলেন। প্যারাগন স্পেস ডেভেলপমেন্ট করপোরেশন জানিয়েছে, ইউস্টাস ৪ ঘণ্টায় এই অভিযান শেষ করেন।

—সুদীপ্ত সালাম